**36T MBEN**

# 2026

## BENGALI

## ( Modern Indian Language )

*Full Marks* : 100

*Pass Marks* : 30

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

### ALLOTMENT OF MARKS

| | | |
|---|---|---|
| Q. No. **1** carries *1* mark each | : | 1+1 = 2 |
| Q. No. **2** carries *1* mark each (any *ten*) | : | 1×10 = 10 |
| Q. No. **3** carries *2* marks each | : | 2+2 = 4 |
| Q. No. **4** carries *3* marks each | : | 3+3 = 6 |
| Q. No. **5** carries *3* marks each (any *four*) | : | 3×4 = 12 |
| Q. No. **6** carries *3* marks each (any *three*) | : | 3×3 = 9 |
| Q. No. **7** carries *4* marks each | : | 4+4 = 8 |
| Q. No. **8** carries *9* marks | : | 4+5 = 9 |
| Q. No. **9** carries *10* marks | : | 5+5 = 10 |
| Q. No. **10** carries the following marks : | | |
| ........... ..............(ক)........................ | : | 1×4 = 4 |
| ........... ..............(খ)........................ | : | 2×4 = 8 |
| ........... ..............(গ)........................ | : | 2×3 = 6 |
| ........... ..............(ঘ)........................ | : | 1×2 = 2 |
| Q. No. **11** carries *10* marks (any *one*) | | = 10 |
| | | Total = 100 |

১। অর্থ লেখো : ১+১=২

(ক) মঞ্জীর *অথবা* অষ্টাপদ

(খ) আহরণ *অথবা* ত্রিলোচন

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো **দশটি**) : ১×১০=১০

(ক) চৈত্র মাসের কোন্ তিথিতে দেবী অন্নদার পূজা হয় ?

(খ) কোন্ সাহিত্যিক প্রথম জীবনে 'নীহারিকা দেবী' ছদ্মনামে লেখালিখি শুরু করেছিলেন ?

(গ) কে বাংলা যাত্রাগানের দল নিয়ে উজনি আসাম দিগ্বিজয় করতে বেরিয়েছিলেন ?

(ঘ) ভিখারির দেওয়া একটি ছোটো কণা কী হয়ে ফিরে এসেছিল ?

(ঙ) শূন্যস্থান পূর্ণ করো :

> ''মাতৃহৃদয়ের মোর ব্যাকুল স্পন্দন
> ______ সন্তান লাগি;''

(চ) কে গোলাবলাল গঙ্গোপাধ্যায়ের নিতবর হয়েছিল ?

(ছ) সঞ্জীবনী সভার সদস্যরা তাঁদের আয়ের কত অংশ সভায় দান করতেন ?

(জ) 'শকট' শব্দের অর্থ কী ?

(ঝ) অধ্যাপক ল্যাঙলি কোন্ দেশের বৈজ্ঞানিক ছিলেন ?

(ঞ) হীরু দত্তের ছড়ি কোন্ গ্রামের দিকে হেলে মাটিতে পড়েছিল ?

(ট) রতি নাপিতের ছেলের বয়স কত ?

(ঠ) বাগান থেকে আনা ল্যাংড়া আম সবগুলো কে খেয়েছে ?

(ড) বড়োবাবু কোন্ চাল ছাড়া খান না ?

(ঢ) ১৯৭৯ সনে রাষ্ট্রীয় শিক্ষা এবং গবেষণা পরিষদ কত প্রকার মূল্যবোধের তালিকা প্রস্তুত করেছে ?

(ণ) আন্তঃরাষ্ট্রীয় শিক্ষা আয়োগ কোন্ শিক্ষাকে জীবনের সন্ধিক্ষণ বলে অভিহিত করেছে ?

৩। সংক্ষেপে লেখো : ২+২=৪

(ক) নন্দীপুরের কোথায় ইস্কুল বসেছে? সেখানে কত টাকা দিয়ে মাস্টার আনা হয়েছিল ?

*অথবা*

পাঁচুর অসংলগ্ন কথার দুটি উদাহরণ দাও।

(খ) ‘‘দূর পাগলি, আমি বিয়ে দিচ্ছিলাম।’’ বক্তা কে? ‘পাগলি’ বলে তিনি কাকে সম্বোধন করেছেন ?

*অথবা*

‘‘বিশাল সুন্দর বরপুখুরী অর্থাৎ বড় পুকুর এবং তার পারে তিনটে দেউল।’’ এই তিনটি দেউলের পরিচয় দাও।

৪। টীকা লেখো : ৩+৩=৬

(ক) রাজ-ভিখারি *অথবা* গম্ভীরা

(খ) দিখৌ এবং দিচাং *অথবা* নবগোপাল মিত্র

৫। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৩×৪=১২

(ক) "আপনারা আমাদের প্রাণদান করেছেন, বিনিময়ে আপনাদের কি আর দিতে পারি," প্রসঙ্গ উল্লেখ করে উপহারটির পরিচয় দাও।

(খ) "এ পিশাচের বাড়ি কেমন তা ঝাননি দাদা।" বক্তা কে? কাকে, কখন তিনি একথা বলেছিলেন? ১+২=৩

(গ) "এই সংশ্রবে তাহার মনে পড়িয়া গেল তাদেরই গ্রামের মৃত অধর বক্‌শির কথাটা," অধর বক্‌শির কোন্ কথাটা রতির মনে পড়ে গিয়েছিল?

(ঘ) হিন্দুমেলায় কী কী হতো, লেখো।

(ঙ) "ব্রজ মাস্টার একথা শুনিয়া হো হো করিয়া হাসিয়া উঠিলেন।" কোন্ কথা শুনে ব্রজ মাস্টার হেসে উঠেছিলেন, লেখো।

(চ) গুয়াহাটির অপরূপ রূপ-মাধুর্যের বর্ণনা দাও।

৬। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৩×৩=৯

(ক) কার জন্য মাতৃহৃদয়ে ব্যাকুল স্পন্দন উঠেছে এবং কীভাবে তা ফুটে উঠেছে?

(খ) "বিশ্বসংসার এ-রকম খালি
আর কখনো মনে হয়নি আগে।"

একথা মনে হওয়ার কারণ কী?

(গ) "তারাই মানুষ, তারাই দেবতা" বলতে লেখক কাদের কথা বলেছেন? কেন বলেছেন, স্পষ্ট করো। ১+২=৩

(ঘ) ''অভিমানে সমুদ্রেতে ঝাঁপ দিলা ভাই''—কাব্যাংশের অন্তর্গত পৌরাণিক প্রসঙ্গটি উল্লেখ করো।

(ঙ) বঙ্গভাণ্ডারের 'বিবিধ রতন' অবহেলা করে কবি কীভাবে কাল কাটিয়েছিলেন ?

৭। নিম্নলিখিত প্রশ্নের উত্তর দাও : ৪+৪=৮

(ক) বর্তমান যুগে মূল্যবোধ শিক্ষা এক গুরুত্বপূর্ণ স্থান অধিকার করার কারণগুলো লিপিবদ্ধ করো।

*অথবা*

সামাজিক মূল্যবোধ ও নৈতিক মূল্যবোধ কাকে বলে, তা বুঝিয়ে দাও।

(খ) কৈশোরকালের উপযোগী শিক্ষা সম্বন্ধে তোমার মতামত স্পষ্ট করো।

*অথবা*

আত্মনির্ভরশীলতা, আত্মসম্মানবোধ, কল্পনাশক্তির বিকাশ ইত্যাদি বৈশিষ্ট্যগুলো কখন গড়ে উঠতে দেখা যায়? তোমার পাঠ্য অংশ অবলম্বনে এদের স্বরূপ বিশ্লেষণ করো। ১+৩=৪

৮। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো : ৪+৫=৯

(ক) ''আমরা একই বৃন্তে দুই ফুল, এক মাঠে দুই ফসল
আমাদের খাঁচার ভিতরে একই অচিন পাখির আনাগোনা।''

*অথবা*

''কণ্টক গাড়ি কমলসম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।
গাগরি বারি ঢারি করু পীছল
চলতহি অঙ্গুলি চাপি॥''

(খ) ''অভিনয় সাঙ্গ হইয়া গিয়াছে, ফোর্ট উইলিয়মের একটি ইষ্টকও খসে নাই।''

*অথবা*

''ঐ দুজন যোদ্ধা আবার নতুন করে শক্তি সঞ্চয় করে গেরিলা যুদ্ধ অর্থাৎ অনিয়মিতভাবে হয়রানি যুদ্ধে মেতে উঠল।''

৯। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও : ৫+৫=১০

(ক) "যেখানে কুলীন জাতি সেখানে কোন্দল"—প্রসঙ্গ উল্লেখ করে বক্তার মন্তব্যটির কারণ বিশ্লেষণ করো।

*অথবা*

এক বাবুসা'বকে রেল থেকে কুলিকে ঠেলে ফেলে দিতে দেখে কবির মনে যে ভাবনার জন্ম হয়েছিল, তা গুছিয়ে লেখো।

(খ) 'ভাত' গল্পে বর্ণিত উচ্ছবের চরিত্র বিশ্লেষণ করো।

*অথবা*

'ফুলের বিবাহ' প্রবন্ধে বর্ণিত আখ্যানের আড়ালে বাঙালি ঘরের যে ছবি ফুটে উঠেছে, তা পর্যালোচনা করো।

১০। নির্দেশানুসারে উত্তর দাও :

(ক) নিচের যে কোনো **চারটি** প্রবাদ-প্রবচনের অর্থ লেখো : ১×৪=৪

উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে ; অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট ; অতি লোভে তাঁতি নষ্ট ; চোরা না শোনে ধর্মের কাহিনি ; ঘুঁটে পোড়ে গোবর হাসে ; টাকা চাই দেবে গৌরী সেন ; একে মা মনসা তায় ধুনোর গন্ধ ; যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয়।

(খ) নিচের যে কোনো **চারটি** বাগ্‌বিধির অর্থসহ বাক্যরচনা করো : ২×৪=৮

খয়ের খাঁ ; গৌরচন্দ্রিকা ; হাতটান ; পুকুরচুরি ; শাঁখের করাত ; অমাবস্যার চাঁদ ; কলুর বলদ ; সুখের পায়রা।

(গ) নিচের যে কোনো **তিনটির** ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : ২×৩=৬

চালাকচতুর ; বেগতিক ; সুখদুঃখ ; পঞ্চবটী ; সিংহাসন ; জলচর।

(ঘ) নিচের যে কোনো **দুটি** শব্দের প্রতিশব্দ লেখো : ১×২=২

পৃথিবী ; রাত্রি ; হাতি ; কামনা।

১১। যে কোনো একটি বিষয়ে রচনা লেখো : ১০

(ক) অসমের বিহু উৎসব

(খ) আই সি সি মহিলা বিশ্বকাপ ও ভারত

(গ) পরিবেশ সুরক্ষায় বৃক্ষরোপণের গুরুত্ব

(ঘ) ছাত্র-ছাত্রীদের জন্য বৃত্তিমূলক শিক্ষা

★★★